

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও  
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।  
[শুল্ক ও ভ্যাট প্রশাসন-১ শাখা]



নম্বর: ০৮.০১.০০০০.০১১.০১.০৭২.১৫.

তারিখ: ২৩ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ  
০৭ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জনাব মোহাম্মদ আবদুর রহমান, সহকারী কমিশনার (অবঃ) এর অনুকূলে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্রান্ট মঞ্জুরী প্রসংগে।

সূত্র: ০১। জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা এর পত্র নং-১(৭২)শুঃভঃপ্রঃ-১/২০১৫.৫৩০ তারিখঃ ১৬/০৫/২০১৫ খ্রিঃ।  
০২। দুর্নীতি দমন কমিশন এর পত্র নং-০০.০১.০০০০.৪০০.৪০.০০২.২৪.২/১(১০) তারিখঃ ২৪/০১/২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রীয় ০১ নং প্রজ্ঞাপনের মাধ্যমে জনাব মোহাম্মদ আবদুর রহমান, সহকারী কমিশনার (অবঃ), কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা এর জন্ম তারিখ: ১৮/০৭/১৯৫৬ খ্রিঃ হিসেবে বয়স ৫৯ বছর পূর্ণ হওয়ায় ১৭/০৭/২০১৫ খ্রিঃ তারিখে অবসর এবং ১৮/০৭/২০১৫ খ্রিঃ তারিখ হতে ১৭/০৭/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত ১ (এক) বৎসর পূর্ণ গড় বেতনে অবসর-উত্তর ছুটি মঞ্জুর করা হয় (কপি সংযুক্ত) এবং তাঁর বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন কর্তৃক দায়েরকৃত মামলা অনুসন্ধানাধীন থাকায় উক্ত মামলা নিষ্পত্তি সাপেক্ষে পেনশন সুবিধাদি পাবেন মর্মে উল্লেখ করা হয়। সূত্রীয় ০২ নং পত্রের মাধ্যমে বর্ণিত কর্মকর্তার বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন কর্তৃক দায়েরকৃত অভিযোগ অনুসন্ধানে প্রমাণিত না হওয়ায় দুর্নীতি দমন কমিশন কর্তৃক তা পরিসমাপ্ত করা হয়েছে।

০২। এমতাবস্থায়, জনাব মোহাম্মদ আবদুর রহমান, সহকারী কমিশনার (অবঃ) এর অনুকূলে পেনশন ও ভাতা মঞ্জুরীর পূর্বে বিধি মোতাবেক প্রাপ্যতা সাপেক্ষে ১৮ (আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্রান্ট প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত:- বর্ণনা মোতাবেক।

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
সিজেএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

শেখ মেজবাহ-উল-সাবেরিন  
দ্বিতীয় সচিব (শুঃভঃপ্রঃ-১)  
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

নম্বর: ০৮.০১.০০০০.০১১.০১.০৭২.১৫. ৪২৪(২)

তারিখ: ২৩ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ  
০৭ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

১. কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
২. সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (প্রজ্ঞাপনটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. জনাব মোহাম্মদ আবদুর রহমান, সহকারী কমিশনার (অবঃ), কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

শেখ মেজবাহ-উল-সাবেরিন  
দ্বিতীয় সচিব (শুঃভঃপ্রঃ-১)